"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর-৩৩.০০.০০০০.০০০.১২৬.১১.০০১৫.২৬-৭৬৭

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৬.২৫-৫১৮ নং প্রজ্ঞাপন এবং ৪৫তম বি.সি.এস. পরীক্ষা ২০২২ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০১৬.২৫-১৭১ নং পত্রের সুপারিশক্রমে বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) ক্যাডারের প্রবেশ পদ অর্থাৎ 'উপজেলা মৎস্য কর্মকর্তা' পদে জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুসারে টাকা ৪৪০০০-১০৫৯০০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

শর্তসমূহ:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনুর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট একটি অঙ্গীকারনামা দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৪৫তম বিসিএস পরীক্ষা-২০২২ এর ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) নিয়োগ পরবর্তী কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ঝ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ঞ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/ বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৬.২৫-৫১৮ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৬ কার্তিক ১৪৩৩/ ০১ নভেম্বর ২০২৬ তারিখ পূর্বাহ্নে আবশ্যিকভাবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (ভবন নং-৬, ৬ষ্ঠ তলা), ঢাকা বরাবর যোগদান করতে** হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে:

পদের নাম ও পদ সংখ্যা: উপজেলা মৎস্য কর্মকর্তা, ২৯ জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২	৩	৪
১.	১	১৮০০৫৭২২	ইশতিয়াক আহমেদ
২.	২	১৮০১৫৯৫০	মোঃ ফারাবী সরকার
৩.	৩	১৮০০১৫৮১	মোঃ সাইফুল ইসলাম সরকার
৪.	৪	১১১৪০৩৬৪	রাজিব হোসেন
৫.	৫	১৮০০২৮৮৫	মোঃ রমজানুল ইসলাম
৬.	৬	১৮০১৮৭৯৭	ইভানা ইয়াসমিন দৃষ্টি
৭.	৮	১৮০১১৩২৩	সন্ধ্যা পাল
৮.	৯	১১১৩৬১৭৩	মো. নুরুল হুদা বাবু
৯.	১০	১৮০১২৮৭৪	মোঃ রাকিবুল হাসান পরাগ
১০.	১১	১৮০১৮৩৬৯	আল মেরাজুল ইসলাম
১১.	১২	১১০২৬৭৭৭	আফরোজা জান্নাতী
১২.	১৩	১১১২০০৭২	তাজমিরুল হুদা
১৩.	১৪	১১১১৯২৮৩	মোঃ ইকবাল হোসেন
১৪.	১৫	১১১৫১১৩৬	মোঃ আনিছুর রহমান
১৫.	১৬	১১০৮২৪৬১	মোঃ নাজমুল হাসান
১৬.	১৭	১৮০১০৫২৬	মো: রবিউল আলম

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২	৩	৪
১৭.	১৮	১১০৯১০২৬	মোঃ মোকলেছুর রহমান
১৮.	১৯	১১০৬৬৭৩৫	ইব্রাহিম খলিল
১৯.	২০	১৮০১৪৭৩৭	মোঃ মোমিন
২০.	২১	১৩০০২০০৫	মো: সোহেল রানা
২১.	২২	১৮০০৮৪৮৩	আরেফিন মাহমুদ
২২.	২৩	১১০৭১৪৫১	উলুল আমর তালুকদার
২৩.	২৪	১১০৭৮৪৮৭	আমির হামজা
২৪.	২৬	১১১৫১০১০	মো: আল আমিন
২৫.	২৭	১৮০২১৮২৮	মোঃ আশরাফুল ইসলাম
২৬.	২৯	১১০২৫১৫০	মোঃ আল-আমীন মিয়া
২৭.	৩০	১১১৬৬২৬১	মোঃ মিজানুর রহমান
২৮.	৩১	১২০৩০৪৮১	প্রিয়া রাণী সরকার
২৯.	৩২	১৬০০৬২৪৭	সাঈদ আহম্মদ

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯/১০/২০২৬

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
টেলি: ২২৩৩৫৭২৬২

স্মারক নম্বর-৩৩.০০.০০০০.০০০.১২৬.১১.০০১৫.২৬-**৭৬৭**

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/ রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৪. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৭. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. উপসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**০১ নভেম্বর ২০২৬ তারিখ যোগদানের নিমিত্ত ২৯ জন প্রার্থী/ কর্মকর্তাকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ**)।

৯. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।

১০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১১. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২. জেলা মৎস্য কর্মকর্তা (সকল),.....

১৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....

১৪. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল) .....

১৫. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল).....

১৬. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).....

১৭. উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল).....

১৮. জনাব .....

২৩/১০/২০২৬

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
টেলি: ২২৩৩৫৭২৬২